



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ সকাল সাড়ে ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের ‘বি’ ইউনিটের ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব মো. শাহাব উদ্দিন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মন্ত্রী জনাব মো. শাহাব উদ্দিন এমপি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা মেধাবীদের মধ্যে মেধাবী। এবিশ্ববিদ্যালয়ের ভর্তি হয়ে তোমরা মুক্ত পরিবেশে প্রবেশ করেছে। তোমরা আজ স্বাধীন। তবে তোমাদের মনে রাখতে হবে স্বাধীনতার মানে হচ্ছে নিজেকে নিয়ন্ত্রণ করা। গা ভাসিয়ে দিয়ে লক্ষ্যহীন পথে চলার নাম স্বাধীনতা নয়। সুতরাং তোমাদেরকে প্রথমেই লক্ষ্য নির্ধারণ করতে হবে এবং তা অর্জনে নিজেদেরকে সচেষ্ট রাখতে হবে।

মন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করা লক্ষ্য নির্ধারণ করেছেন। সে লক্ষ্য অর্জনের জন্য তোমাদের মতো মেধাবীদের প্রয়োজন। তোমরা যদি সঠিকভাবে লেখাপড়া কর এবং প্রযুক্তি নির্ভর জ্ঞানে নিজেদেরকে সমৃদ্ধ করতে পার তাহলে আমাদের উন্নত দেশের স্বপ্ন পূরণ হবে। তবে লেখাপড়ার পাশাপাশি নিজেদেরকে সচরিত্বান্বিত হিসেবেও গড়ে তোলতে হবে। শুধুমাত্র সার্টিফিকেট অর্জনের মাধ্যমে প্রকৃত মানুষ হওয়া যায় না। তাই আমাদের প্রত্যাশা তোমরা ভাল মানুষ হবে এবং আমরা তোমাদের মাধ্যমেই আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশের উন্নতি নিশ্চিত করব।

তিনি আরো বলেন, বৈষ্ণিক জলবায়ু পরিবর্তনের ফলে আমরা প্রতিনিয়ত নানামুখী দুর্ঘটনার সম্মুখীন হচ্ছি। তাই পরিবেশ সংরক্ষণে আমাদেরকে সচেতন হতে হবে। বৃক্ষনির্ধন, পলিথিনের ব্যবহার এবং বায়ুদোষণ রোধে আমাদেরকে সচেতন হতে হবে। আমরা চাই একটি বাসযোগ্য পৃথিবী গড়তে।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যাপ্সেরল প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, এবিশ্ববিদ্যালয় এদেশের উচ্চশিক্ষায় এখন রোলমডেল। শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনে এ বিশ্ববিদ্যালয় দেশের মধ্যে এগিয়ে রয়েছে। আভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা ও সুশাসনেও এ বিশ্ববিদ্যালয় অনন্য অবস্থানে রয়েছে। বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সুন্দর পরিবেশ অব্যাহত রাখতে নবীন শিক্ষার্থীদের সচেতন থাকতে হবে।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভর্তি কমিটির সভাপতি ও স্কুল অব একাডেমিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. সাজেদুল করিম, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মুশতাক আহমেদ, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. এসএম আবু সায়েম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রট্র প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, যৌন হয়রানি অভিযোগ কমিটির সভাপতি প্রফেসর ড. নাজিয়া চৌধুরী এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। নবীনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী মাইনুল হাসান ও মিতু চৌধুরী।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার